

‘গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প  
মহিলা বিষয়ক অধিদপ্তর  
৩৭/৩ ইঙ্কাটন গার্ডেন রোড, ঢাকা।  
[www.kkcp.gov.bd](http://www.kkcp.gov.bd)

স্মারক নং: ৩২.০১.০০০০.০০৩.১৮.০৫৮.২৪- ১৯১৯

তারিখ: ২৪/১১/২০২৪

বিষয়ঃ আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ (২৫ নভেম্বর - ১০ ডিসেম্বর) উপলক্ষ্যে সমগ্র দেশব্যাপী “কিশোর-কিশোরী ক্লাব স্থাপন” প্রকল্পের আওতায় ক্লাবসমূহে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ সংক্রান্ত সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ ও প্রচার।

সূত্রঃ মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা মহোদয়ের কার্যালয়ের স্মারক নং ৩২.০১.০০০০.০০৫.২৩.১৫০ (অংশ-১১)-১২০ ও তারিখঃ ২৪/১১/২০২৪

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ২৫ নভেম্বর হতে ১০ ডিসেম্বর ২০২৪ পর্যন্ত দেশব্যাপী আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ পালন করা হবে। উক্ত কর্মসূচী সাফল্যের সাথে সম্পাদনের নিমিত্তে মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ‘কিশোর-কিশোরী ক্লাব স্থাপন’ প্রকল্পের আওতায় সারা দেশের ৪৮৮৩ টি ক্লাবে নিম্নরূপ কর্মসূচী পালন করার জন্য অনুরোধ করা হলো-

- (ক). বর্ণিত সময়কালে ৪টি ক্লাব দিবসে ক্লাবের সদস্য, শিক্ষকবৃন্দ, জেন্ডার প্রমোটার, ফিল্ড সুপারভাইজর, ক্লাব কো-অর্ডিনেটর সহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গের সমন্বয়ে র্যালি ও আলোচনা সভার আয়োজন করতে হবে।
- (খ). আলোচনায় নারী নির্যাতন প্রতিরোধকল্পে করণীয় বিষয়ে গুরুত্ব আরোপ করতে হবে। স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে সভা করতে হবে।
- (গ). জেন্ডার ভিত্তিক সহিংসতা/নারী নির্যাতন প্রতিরোধকল্পে বিভিন্ন হটলাইন নম্বর যেমন- ১০৯, ১০৯৮, ৯৯৯, ৩৩৩ ইত্যাদির ব্যবহার বৃদ্ধিতে উদ্বৃদ্ধকরণ।
- (ঘ). আলোচনা সভায় ধর্ষণ, বাল্য বিবাহ, নারী ও শিশু পাচার, দাহ্য পদার্থ নিক্ষেপ, যৌতুক ইত্যাদি বিষয়ে গুরুত্ব আরোপ করতে হবে।
- (ঙ). এ বিষয়ে সংশ্লিষ্ট আইনী প্রতিকার নিয়ে আলোচনা করতে হবে।
- (চ). এবারের প্রতিরোধ পক্ষের প্রতিপাদ্য বিষয় অর্থাৎ “নারী-কন্যার সুরক্ষা করি, সহিংসতা মুক্ত বিশ্ব গড়ি” -বিষয়টি ব্যাপক প্রচার করতে হবে।

১১/১১/২০২৪  
মোঃ আলমগীর

প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)  
কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প  
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

বিতরণঃ

- ১। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর (সকল জেলা)  
২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল উপজেলা)

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে। (জ্যোষ্ঠতার ভিত্তিতে নয়)

১. মহাপরিচালক (গ্রেড-১), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
২. জেলা প্রশাসক (সকল জেলা)।
৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল উপজেলা)।
৪. সহকারী পরিচালক (ওয়েবসাইটের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের জন্য)
৫. ফিল্ড সুপারভাইজর (সকল)
৬. অফিস কপি।